# 2 0 2 3

## BENGALI

## ( Honours Core )

Paper : BEN–HC–3036

[ বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ]

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'চর্যাপদ'-এর পুঁথি কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল ?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের কতগুলি খণ্ড রয়েছে ?

(গ) 'পদ্মাবতী' কাব্যগ্রন্থ কে রচনা করেছিলেন ?

(ঘ) নাথ সাহিত্যের কাহিনিবৃত্ত কয়টি ?

(ঙ) বিজয়গুপ্ত কোন্ গ্রামে জন্মগ্রহণ করেছিলেন ?

(চ) মুকুন্দ চক্রবর্তী মূলত কোন্ ধারার কবি ছিলেন ?

(ছ) রূপরাম চক্রবর্তী কোন্ শতাব্দীতে আবির্ভূত হয়েছিলেন ?

(জ) মালাধর বসুর ভাগবতের অনুবাদ গ্রন্থটির নাম কী ?

(ঝ) কৃত্তিবাস ওঝাকে 'এ বঙ্গের অলঙ্কার' কে বলেছিলেন ?

(ঞ) 'মহাভারত'-এর প্রথম অনুবাদক কে ছিলেন ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'চর্যাপদ'-এর প্রত্যেক পদের অন্তে কে, কোন্ ভাষায় টীকা সংযোজন করেছিলেন ?

(খ) নাথ সাহিত্যের দুজন কবির নাম লেখো।

(গ) 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনি দুটির নাম উল্লেখ করো।

(ঘ) নারায়ণ দেবের পূর্বপুরুষদের আদিনিবাস কোথায় ছিল ? এই নিবাস ত্যাগ করে তাঁর পিতামহ কোন্ জেলায় চলে এসেছিলেন ?

(ঙ) কাশীরাম দাসের দুই ভাইয়ের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'চর্যাপদ'-এর ঐতিহাসিক মূল্য সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।

(খ) নাথ সাহিত্যের যে কোনো একজন কবির কাব্য সম্পর্কে আলোচনা করো।

(গ) 'মনসামঙ্গল' কাব্যধারায় বিজয়গুপ্তের অবদান সম্পর্কে যথাযথ আলোচনা করো।





(ঘ) 'ধর্মমঙ্গল' কাব্যের যে কোনো একটি কাহিনিবৃত্তের বর্ণনা করো।

(ঙ) কবীন্দ্র পরমেশ্বরের 'মহাভারত' অনুবাদ সম্পর্কে যা জান, লেখো।

(চ) শ্রীকর নন্দীর অনুবাদের বৈশিষ্ট্য আলোচনা করো।

৪। (ক) কবি আলাওলের সাহিত্য-প্রতিভার পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) 'অন্নদামঙ্গল' কাব্য রচনায় ভারতচন্দ্রের কৃতিত্বের পরিমাপ করো।

৫। (ক) 'ধর্মমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে ? তাঁর প্রতিভার যথাযথ পরিচয় তুলে ধরো। ১০

*অথবা*

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের কাহিনির বর্ণনা দাও।

৬। (ক) কৃত্তিবাস ওঝার 'রামায়ণ পাঁচালি' সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) মালাধর বসুর ভাগবতের অনুবাদ সম্পর্কে যা জান, লেখো।

৭। (ক) চৈতন্য-জীবনীগ্রন্থ রচনায় বৃন্দাবনদাসের প্রতিভার পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) দ্বিজমাধবের 'চণ্ডীমঙ্গল' কাব্যের বৈশিষ্ট্য সম্পর্কে যথাযথ আলোচনা করো।

★ ★ ★